# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 13 April, 2025

রোববার (১৩ এপ্রিল) শিল্পকলায় চৈত্র সংক্রান্তির অনুষ্ঠানে একথা বলেন তিনি।

ওকি গাড়িয়াল ভাই গানের সুরে মুহূর্তেই ভেসে উঠে প্রচলিত গ্রাম বাংলার মুখ।চৈত্রের প্রখর রৌদ্রে এভাবেই সুরে সুরে উদযাপনের করা হয় বাংলা বছরের শেষ দিন চৈত্রসংক্রান্তির।

বাংলা নববর্ষ ১৪৩২ কে বরণ করে নিতে এবং চৈত্র মাসের শেষ দিনটিকে উদযাপন করতে শিল্পকলা একাডেমির মুক্তমঞ্চে শুরু হয়েছে দুই দিনব্যাপী 'বাংলার উৎসব ১৪৩২: চৈত্র সংক্রান্তি ও বৈশাখ উদযাপন'।অনুষ্ঠানে আগত অতিথিরা বাঙালি সংস্কৃতির বিভিন্ন দিক তুলে ধরেন।

শিল্পকলা একাডেমির মুক্তমঞ্চে দুই দিনব্যাপী চৈত্র সংক্রান্তি ও বৈশাখ উদযাপনের উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে বাউল গান এবং ঐতিহ্যবাহী বাংলা গান পরিবেশিত হয়।আয়োজন করা হয় ঐতিহ্যবাহী গ্রামীণ মেলার।মেলায় বিভিন্ন হস্তশিল্পের পাশাপাশি বিভিন্ন ধরনের সবজির বীজ ও মুখরোচক বাঙালি খাবারের আয়োজন করা হয়।

দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত কৃষক ও বাউল সাধকেরা আবহমান বাংলার কৃষি ও কৃষককে উপজীব্য করে লেখা গান পরিবেশন করেন। বলেন চৈত্র সংক্রান্তির মাধ্যমে সকল জরা বেদনা ও অন্ধকার পেছনে ফেলে এগিয়ে যেতে চান নতুন দিনের পথে।

অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার এবং কবি ও চিন্তক ফরহাদ মজহার বলেন, বাংলা সংস্কৃতিকে বুঝতে হলে ফিরে তাকাতে হবে গ্রাম বাংলার দিকে।

নতুন বছরে সবার জন্য সুখ ও স্বস্তির প্রত্যাশা জানান অংশগ্রহণকারীরা।

শিল্পকলা একাডেমি বাংলার উৎসব বাংলা নববর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:49

URL: https://www.timestodaybd.com/bangladesh/236417712